

বিজ্ঞান বিস্ময়

শীতাতপ নিয়ন্ত্রিত পোশাক

এয়ারকন্ডিশন এখন আর বাসায় প্রয়োজন হবে না। তবে সেটি আমাদের জন্য নয়, আপাতত জাপানীদের জন্য। জাপানের গবেষকরা তৈরি করেছেন এমন একটি পোশাক যেটি গরমে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র বা এয়ারকন্ডিশনারের কাজ করবে। বিদেশী সংবাদ মাধ্যমে জানা গেছে, বিশেষ ধরনের জ্যাকেটটি তৈরি করেছেন জাপানের কুচোফুকু কোম্পানি লিমিটেডের গবেষকরা। জ্যাকেটটির ভেতর রয়েছে লিথিয়াম-আয়ন ব্যাটারিচালিত ২টি বৈদ্যুতিক ফ্যান। এ বিশেষ ফ্যান দুটি টানা ১১ ঘণ্টা চালাতে ব্যাটারিতে মাত্র একবার চার্জ দিলেই যথেষ্ট। এ জ্যাকেটের ফ্যানগুলো পাখার সাহায্যে বাতাস টেনে শরীরের মধ্যে প্রবাহিত করে এবং বাতাস জ্যাকেটের কলার এবং কাফ দিয়ে বের হয়ে যায়। আর জ্যাকেটের মধ্যে প্রবাহিত এ বাতাসই এয়ারকন্ডিশনারের কাজ করে। এটি প্রতি সেকেন্ডে ২০ লিটার পর্যন্ত বাতাস টানতে পারে।

কুচোফুকু কোম্পানি লিমিটেডের প্রেসিডেন্ট হিরোশি ইচিগায়া বলেছেন, 'শরীর ঠাণ্ডা রাখা দিয়ে কথা, পুরো ঘর শীতল করার প্রয়োজন কী। এ জ্যাকেটটি পরলে শরীর ঠাণ্ডা করার চাহিদা মিটবে।' জানা গেছে, জাপানে এয়ারকন্ডিশনারযুক্ত পোশাকের চাহিদা, জনপ্রিয়তা আর বাজার বাড়ছে।